

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৮.০৯৯.০৫৩ (অংশ-১).২০১৬-২০২৮

তারিখ : ০৭/১১/২০২৪ খ্রি.


অফিস আদেশ

সদ্য সরকারিকৃত সরকারি ডাঃ জহরুল কামাল ডিগ্রি কলেজ, সুজানগর, পাবনা-এর অধ্যক্ষ জনাব মোঃ আশুল চিকিৎসাজনিত কারণে ছুটিতে থাকায় পরিসংখ্যান বিষয়ের সহকারী অধ্যাপক জনাব শেখ মোঃ শমশের আলী ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। সে প্রেক্ষিতে কলেজের একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত মোতাবেক তিনি আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের সাথে প্রেরিত তথ্যাদি যাচাইয়ান্তে (১) অর্থনীতি বিষয়ের সহকারী অধ্যাপক জনাব মোঃ আব্দুল বাতেন (২) রসায়ন বিষয়ের সহকারী অধ্যাপক জনাব মোঃ ওবায়দুল হক (৩) হিসাববিজ্ঞান বিষয়ের সহকারী অধ্যাপক জনাব মোঃ শহীদুর রহমান (৪) বাংলা বিষয়ের সহকারী অধ্যাপক মোছা: শায়লা আখতার এবং (৫) দর্শন বিষয়ের সহকারী অধ্যাপক জনাব মোঃ জালাল উদ্দিন ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনের অপারগতা এবং তদন্ত কমিটির মতামতের ভিত্তিতে জনাব শেখ মোঃ শমশের আলী-কে অধ্যক্ষের ছুটিকালীন সময়ের জন্য প্রশাসনিক এবং সরকারি ও বিভিন্ন আর্থিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে শর্ত মোতাবেক সাময়িকভাবে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বসহ আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

শর্তসমূহ:

- ১। পরবর্তীতে অধ্যক্ষ ছুটি শেষে যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- ২। কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভলিউম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- ৩। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


৮৭.১.২০২৪
(শেখ আরশাদ আহমেদ মিহাদ-২৫৩৩৫)
সহকারী পরিচালক (কলেজ-২)
ফোন নং- ৮১০৫০৬২৪

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল: 

- ১) সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৪) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৫) বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,;
- ৬) অধ্যক্ষ, ডাঃ জহরুল কামাল ডিগ্রি কলেজ, সুজানগর, পাবনা;
- ৭) জনাব শেখ মোঃ শমশের আলী, ডাঃ জহরুল কামাল ডিগ্রি কলেজ, সুজানগর, পাবনা;
- ৮) সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার -----;
- ৯) সংরক্ষণ নথি।